ঝিনাইদহে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে এক নারী নিহত

ঝিনাইদহে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে শাম্মী আক্তার (৪২) নামের মোটরসাইকেল আরোহী এক নারী নিহত হয়েছে।

আজ শুক্রবার দুপুরে শহরের আরাপপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত শাম্মী আক্তার কুষ্টিয়া জেলা শহরের মিনাপাড়া এলাকার মিজানুর রহমানের স্ত্রী।

স্থানীয়রা জানায়, দুপুরে কুষ্টিয়া থেকে স্বামীর সাথে মোটরসাইকেলে ঝিনাইদহ শহরে যাচ্ছিলো শাম্মী আক্তার। পথে আরাপপুর-চুয়াডাঙ্গা স্ট্যান্ড শহরের মশিউর রহমান বালিকা বিদ্যালয়ের সামনে পৌঁছালে ভাঙ্গা সড়কের কারণে ওই নারী মোটরসাইকেল থেকে নিচে পড়ে যায়। সেসময় পেছন দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় শাম্মী আক্তার।

ঝিনাইদহ সদর থানা ওসি শামসুল আরেফীন জানান, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মহেশপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানযাত্রী নারী নিহত, আহত-১

ঝিনাইদহের মহেশপুরে তেলবাহী ট্রাকের ধাক্কায় ফুলঝুরি বেগম (৪৫) নামের ভ্যানের যাত্রী এক নারী নিহত হয়েছে। আহত হয়েছে তার ছেলে লাভলু। বুধবার সকালে উপজেলার খালিশপুর কোল্ড স্টোরেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, উপজেলার নিমতলা গ্রামের ফকির আহমেদের স্ত্রী ফুলঝুরি বেগম সকালে ছেলে লাভলুকে নিয়ে ভ্যানে করে চিকিৎসকের কাছে যাচ্ছিলেন।

পথে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের ওই স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি তেলবাহী ট্রাক ভ্যানটিকে ধাক্কা দিয়ে চাপা দিয়ে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

এতে ঘটনাস্থলেই ফুলঝুরি খাতুনের মৃত্যু হয়। গুরুতর আহত অবস্থায় তাঁর ছেলে লাভলুকে উদ্ধার করে প্রথমে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য যশোরে পাঠানো হয়।

এদিকে মৃত্যুর সংবাদ পেয়ে হাসপাতালে গিয়ে আহতের চিকিৎসা ও পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান জানান, দুর্ঘটনার সঙ্গে জড়িত ট্রাকটি জব্দ করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছেন। তাঁকে গ্রেপ্তারে অভিযান চলছে।

ঝিনাইদহে ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ব্রীজের রেলিং ভেঙে নদীতে, চালক ও হেলপার নিহত

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ব্রীজের রেলিং ভেঙে নদীতে পড়েছে। এ ঘটনায় চালক ও হেলপার নিহত হয়েছে। গতকাল শনিবার রাত ১ টার দিকে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের গাড়াগঞ্জ এলাকার বড়দাহ পুরাতন ব্রীজে এ ঘটনা ঘটে।

নিহতরা হলো- ট্রাক চালক সোহেল শেখ (২৭) পাবনা সদর উপজেলার গাজামানিকুন্ডা গ্রামের আবুল কালাম শেখের ছেলে এবং হেলপার মুবারক হোসেন (২০) একই গ্রামের জাফর মিয়ার ছেলে।

ফায়ার সার্ভিসের যশোর অঞ্চলের সহকারী পরিচালক আব্দুস সালাম জানান, রাতে যশোর থেকে একটি ডাল বোঝায় ট্রাক পাবনা যাচ্ছিলো। রাত ১ টার দিকে গাড়াগঞ্জ এলাকার বড়দাহ পুরাতন ব্রীজের উপর এলে নিয়ন্ত্রণ হারিয়ে রেলিং ভেঙে কুমার নদে পড়ে যায়।

খবর পেয়ে শৈলকুপা ও ঝিনাইদহ ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট উদ্ধার কাজ শুরু করে। ভোরে মুবারক হোসেন ও সকাল ৮ টার দিকে চালক সোহেল শেখের একজনের লাশ উদ্ধার করা হয়।

এ ঘটনার সংবাদ শুনে ঝিনাইদহের জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

আলমডাঙ্গায় বালি বোঝাই ট্রাকের চাকায় পিষ্ট হয়ে প্রাণ গেল কিশোরের

বালি বোঝাই ট্রাকের ধাক্কায় প্রাণ গেলো কিশোর তানজিলের। চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে এক কিশোর নিহত হয়েছেন।

গতকাল সোমবার রাত ৭ টার দিকে উপজেলার আলমডাঙ্গা-চুয়াডাঙ্গা আঞ্চলিক সড়কের মুন্সিগঞ্জ নিগার সিদ্দিক কলেজ এলাকায় সেলিম চেয়ারম্যানের ইটভাটার সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত কিশোর তানজিল (১৭) আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিল স্কুল পাড়ার তোহিদুল ইসলামের ছেলে সাংবাদিক মহিদুল ইসলামের ভাইপো।

স্থানীয় বাসিন্দাদের বরাত দিয়ে পুলিশ জানায়, তানজিল রাত ৭ টার দিকে সে তার বোনের বাড়ি উপজেলার নাগদাহ গ্রামে যাচ্ছিলেন। এ সময় বালুভর্তি একটি ট্রাক তাঁকে চাপা দেয়। এতে ট্রাকটির পেছনের চাকায় পিষ্ট হয়ে তিনি ঘটনাস্থলেই মারা যান। স্থানীয় লোকজন ট্রাকটি ধাওয়া করলে দ্রুত পালিয়ে যায়। অপরদিকে মোটরসাইকেলের পিছনে বসে থাকা দোলাভাই ছিটকে পড়ে আহত হয়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা জেলা হসপিটালে ভর্তি করা হয়েছে বলে জানা গেছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পুলিশ নিহত কিশোরের লাশ

উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনায় ট্রাক মালিক গ্রুপ আহ্বায়ক কমিটির পরিচিতি সভা ও শপথ গ্রহণ

দর্শনা থানা ট্রাক মালিক ও শ্রমিক ট্রান্সপোর্ট প্রতিনিধিদের সাথে মতবিনিময় এবং ট্রাক মালিক গ্রুপ আহ্বায়ক কমিটির পরিচিতি সভা ও শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা ১২টায় কেরু অফিসার্স ক্লাবে আয়োজিত পরিচিতি সভা ও শপথ গ্রহণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা থানা ট্রাক মালিক গ্রুপের আহ্বায়ক এনামুল হক শাহ মুকুল।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি আরিফ হোসেন জোয়াদ্দার সোনা। প্রধান বক্তা ছিলেন জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারণ সম্পাদক মামুন-উর-রশিদ টনিক। তিনি ট্রাক মালিকদের বিভিন্ন সমস্যার সমাধানের বিষয়ে কথা তুলে ধরে বলেন, “আমাদের ১৭ জনের কমিটি। জেলার মালিকদের ট্রাক নিয়ে কোনো সমস্যা সৃষ্টি হলে আমি সবসময় আপনাদের পাশে থেকে সেই সমস্যার সমাধানে কাজ করে যাব।”

জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি আরিফ হোসেন জোয়াদ্দার বলেন, “আমরা জেলা ট্রাক মালিক গ্রুপ সবসময় মালিকদের স্বার্থে নিয়োজিত ছিলাম। আগামীতেও ট্রাকের যেকোনো বিপদ-আপদে মালিকদের পাশে থেকে সমস্যা সমাধানে কাজ করতে চাই।”

এ সময় আরও বক্তব্য রাখেন দর্শনা থানা ট্রাক মালিক গ্রুপ আহ্বায়ক কমিটির সদস্য মনিরুল ইসলাম মনি, রফিকুল ইসলাম, মোর্শেদ লিংকন।

এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা ট্রাক ও ট্র্যাক্টর শ্রমিক ইউনিয়নের সভাপতি সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক আবু সাঈদ।

অনুষ্ঠানে দর্শনা থানা ট্রাক মালিক গ্রুপের সদস্য আব্দুর রাজ্জাক, আকবর আলী, রজ্জাক মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা থানা ট্রাক মালিক গ্রুপের সদস্য সচিব কামরুল ইসলাম তরফদার সোহেল।

মেহেরপুরের মনোহরপুরে সবজি বোঝাই ট্রাক উল্টে চালক আহত

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের মনোহরপুর গ্রামসংলগ্ন রাস্তায় সবজি বোঝাই ট্রাক উল্টে ট্রাক চালক জাহিদুল ইসলাম (২১) আহত হয়েছেন।

আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৩টার দিকে এ দুর্ঘটনা ঘটে। আহত চালক মাগুরার মির্জাপুর এলাকার মো. হোসেন আলীর ছেলে। নিয়ন্ত্রণ হারিয়ে একটি ট্রাক উল্টে মাঠে পড়ে গেলে চালক গুরুতর আহত হন। আহত ট্রাক চালককে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দ্রুত গতিতে ট্রাকটি আসছিল, ট্রাকের পশ্চিমে গাছের সাথে ধাক্কা মেরে কিছুটা এগিয়ে ডানে মোড় নেয়। এরপর প্রায় দশ হাত এগিয়ে বাম দিকের চাকা উল্টে রাস্তার ডানদিকে পড়ে যায়।

ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. শামীম রেজা বলেন, আমরা কিছুক্ষণ আগে সংবাদ পাই নিয়ন্ত্রণ হারিয়ে একটা ট্রাক গাছের সাথে ধাক্কা লেগে মাঠের মধ্যে পড়ে আছে। সংবাদ পাওয়ার সাথে সাথে খুব দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যাই এবং দক্ষতার সাথে একজন ব্যক্তিকে উদ্ধার করে হাসপাতালে ট্রান্সফার করি।

গাংনীতে ট্রাক-সিএনজির মুখোমুখি সংঘর্ষে নিহত-১, আহত-৩

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার শুকুরকান্দী নামক স্থানে ট্রাক ও সিএনজির মুখোমুখি সংঘর্ষে একজন নিহত ও তিনজন আহত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে পাঁচটার দিকে শুকুরকান্দীর গ্যাসপাম্পের অদূরে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- উপজেলার বাদিয়াপাড়া গ্রামের উত্তরপাড়ার আরিফুল ইসলামের স্ত্রী সুমি খাতুন (৩৫)। আহতরা হলেন- বাদিয়াপাড়া গ্রামের মফিজুল হকের স্ত্রী নোজিয়ারা খাতুন(৪০), একই গ্রামের আরিফুল ইসলামের ছেলে নিরব(১২), মহাব্বতপুর গ্রামের আনারুল ইসলামের ছেলে সিএনজি চালক হযরত আলী (৩২)।

সুমির ভাবি নোজিয়ারা খাতুন জানান, আমি অসুস্থ তাই আমাকে কুষ্টিয়ার ডাক্তার দেখাতে নিয়ে গিয়েছিলো। কুষ্টিয়াগামী একটি ট্রাক দ্রুত গতিতে এসে আমাদের সিএনজিকে ধাক্কা দেয়। এতে সিএনজিতে থাকা তিনজন যাত্রী ও সিএনজি চালক গুরুতর আহত হন।

বামন্দী ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের সহকারী স্টেশন ইনচার্জ নাসির উদ্দিন বলেন, খবর পেয়ে আমরা ঘটনাস্থল থেকে গুরুতর আহত অবস্থায় সুমি খাতুনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ফারুক হোসেন জানান, সুমি খাতুনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তার উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

বামন্দী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শাহ আলম বলেন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কুষ্টিয়া নিয়ে গেলে সেখানকার চিকিৎসকেরা সুমি খাতুন কে মৃত ঘোষণা করে। সেখান থেকে তার লাশ এখন বাড়ি ফেরার প্রক্রিয়া চলছে।

রাত দশটার দিকে নিহতের বাড়ি বাদিয়াপাড়া গ্রামে গিয়ে দেখা যায়

স্বজনদের আহাজারিতে ভারী হয়ে উঠেছে আশপাশের পরিবেশ। সকলেই লাশ ফেরার অপেক্ষায় বসে আছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নিহত

মেহেরপুর সদর উপজেলার ফতেপুর উত্তরপাড়া মসজিদের সামনে ট্রাকের ধাক্কায় ফারহানা ওয়াহেদা অমি (২৬) নামে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের এক ছাত্রী নিহত হয়েছেন।

আজ বুধবার (১৫ অক্টোবর) সকাল সাড়ে ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ফারহানা ওয়াহেদা অমি মেহেরপুর শহরের কাসাড়িপাড়ার আব্দুল ওয়াহেদ চঞ্চলের মেয়ে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে অমি বাবার বাড়ি শহরের কাসাড়িপাড়া থেকে মোটরসাইকেলে করে শ্বশুরবাড়ি রামদাসপুরে যাচ্ছিলেন। পথে ফতেপুর উত্তরপাড়া মসজিদের সামনে পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি ট্রাক (নম্বর: ঢাকা মেট্রো ট-১৮-৪১৭৫) মোটরসাইকেলকে ধাক্কা দিলে তিনি ছিটকে পড়ে ঘটনাস্থলেই নিহত হন।

দুর্ঘটনার পর স্থানীয়রা ঘাতক ট্রাকটি আটক করে পুলিশে খবর দেন। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজবাহ উদ্দিন জানান, নিহতের মরদেহ মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে এবং দুর্ঘটনা-সংশ্লিষ্ট ট্রাকটি জব্দ করা হয়েছে।

গাংনীতে ট্রাকের চাকায় পৃষ্ট হয়ে একজন নিহত

মেহেরপুরের গাংনী-কাথুলি সড়কে ট্রাকের চাকায় পৃষ্ট হয়ে মকলেছুর রহমান নামের এক জমি পরিমাপ আমিন নিহত হয়েছেন। নিহত মকলেছুর রহমান গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের আব্দুর রহমান কারিগরের ছেলে।

আজ মঙ্গলবার বেলা ২ টার সময় গাংনী-কাথুলি সড়কের এবাদতখানার সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, নিহত মকলেছুর রহমান গাংনী থেকে মোটরসাইকেলযোগে সাহারবাটি ফিরছিলেন। এবাদতখানার কাছে পৌছানো মাত্র পেছন থেকে আসা একটি ট্রাক তাকে ধাক্কা মারে। এতে তিনি ট্রাকের নিচে পড়েন। এসময় ট্রাক তাকে টেনে হিঁচড়ে বেশ কিছু দুর নিয়ে আসে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন। এদিকে ঘাতক ট্রাকের চালক পালিয়ে গেলেও ট্রাকটি জব্দ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, নিহতের মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।

দর্শনায় ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি কে সংবর্ধনা

আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ের পক্ষ থেকে চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি জাহাঙ্গীর হোসেন খোকন কে

সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল শুক্রবার বিকাল ৫ টায় আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ের সভাপতি সাইফুল ইসলাম এর সভাপতিত্বে চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ জাহাঙ্গীর হোসেন খোকন বলেন, চুয়াডাঙ্গা জেলার বাস ও ট্রাক শ্রমিকদের আস্থার সংগঠনের সকল সদস্যকে পাশে নিয়ে উন্নয়ন মূলক কাজ করতে চাই।

এ সময় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মোঃ হাফিজুর রহমান শান্ত, সাংগঠনিক সম্পাদক মোঃ আনোয়ার হোসেন আনু, কোষাধ্যক্ষ মোঃ রকিবুল ইসলাম এবং আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ের সাধারণ সম্পাদক মোঃ আবু সাইদ, সিনিয়র-সহ-সভাপতি মোঃ হুমায়ন কবির, প্রচার সম্পাদক মোঃ সানোয়ার হোসেন, কোষাধ্যক্ষ শ্রী পার্থ প্রতিম রবি শিকদার, কার্য্য নির্বাহী সদস্য মোঃ নাজমুল হোসেন প্রমুখ।